

আজ থেকে পচিশ বছর আগে..

সুবিজয় দত্ত

জানুয়ারী ৫, ২০১১

আজ থেকে পচিশ বছর আগে..

যখন ইগল পাখী সচরাচর চোখে পড়ত না
পড়ত বাঁশবনের ইদুর আর সেই ইদুরের বিদ্রোহ
কোথায় ? ওই যে মিজোরাম নাম এর এক প্রদেশের



মাঠে ঘাটে বাগানে ছার খার করে দিচ্ছিল সেই ইদুর
সেনা বাহিনী।

জানিনা কেনো এক বিদেশীর বেশে

পাড়ি দিয়েছিলাম সেই অজানা দেশে
সাথী ভাই এক ডাক্তার সাথে
হাজার হাজার ইদুরের মাঝে
শুভ্র সেনাপতি জলন্ত চোখে
সাপ্ত পাপ্ত নিয়ে তার সাথে
চলে ইদুর সেনা শুধু ধংসের পথে ।
তারপর ?



তারপর সেই মহুয়া বনের মল্লিকা

খিল খিল করে হাসত বোলত
তোমার ফুলের মালার থালায়
আমাকে নেবে কি ধন্য পণে;
না কি সাত সকালে লাঠি নিয়ে হাথে
ঐয়ে আসছে পরেশ বাবুর মা -

তার মধুর সুরের গুঞ্জরণে
চলে যাব তার সাথে ...
হারিয়ে যাবে তোমার মহুয়া বনের মল্লিকা।

আজ থেকে পচিশ বছর আগে
যখন সচরাচর চোখে পড়ত সেই সুন্দরবনের নন্দ
সারাদিন করে যেতো কিছু না কিছু ভালো মন্দ,
বলে যেতো "সকাল বেলায় বলি
সারাদিন আমি যেন ভালো মনে চলি "

তখন চোখে পড়তনা আজকার নিষ্কা নারায়ণ.
রেন্টাল কার ড্রাইভার.

রুফ মেজাজ রঙ্গীন পোশাক,এক মহা পাইলট .

এদিক ওদিক সুড সুড করে

ঝড়ের বেগে সে ছুটে চলে ।

যাত্রীর স্থান মাল পত্তর চেয়ে

একটুও বেশি নয়

একই অদ্ভুত পরিনয়

ভয়ে ক্রোধে মন ভরে যায়

বলি -“অল্প রেখে দাও ভাই আমি নেমে যাই ”

তারপর ?

আজ থেকে পচিশ বছর আগে

এখনো চোখে ভেসে আসে

সেই জানুয়ারী মাসে

অতলান্তিক সমুদ্রের পাশে

কি ঠান্ডা হাওয়া, প্রচন্ড ঠান্ডা জল

কেউ নেই আসে পাশে

শুধু তুমি আর আমি

"ওমা এযে ভীষণ ঠান্ডা জল
এতে নামবো এখন?"

প্রশ্নে ভরে ওঠে এক নব দম্পতির মন
চল দেখা যাক, কি আর ঠান্ডা
জলাবস্তায় আছে যখন
ফিসিক্স বলে এ জল এখন
জিরোর উপরে আছে|
তুমি তো তা ভালো জানো
চল যাইনা অল্প কাছে |
উর্মি মালার আশ্রয়ে তাই
খালি পায়ের প্যান্ট গুটে চলে যাই
একী বরফ-সমেত জল
মনে হয় ফিসিক্স এ গন্ডগোল

কিন্তু কই - কিছূতো হলোনা

হলো শক্ত - সেই পূজারীর মন্ত্র তন্ত্র,
সাত পরিক্রমা, অগ্নি সাক্ষ্যে আত্মহারা
ও সেই ভীষ্ম-প্রতিজ্ঞা ধ্রুবতারা|

